



## কবি আহমেদ সাবের

কেউ লেখে কবিতা, কেউ লেখে গদ্য;  
কবিতার চেষ্টি, হয়ে যায় পদ্য।  
বড় করি চেষ্টি, মিলে যেন ছন্দ;  
ছন্দ তো মিলে না, যেন গলি বন্ধ।  
বড় ভাই বলে যান, 'করে যাও চেষ্টি,  
চেষ্টিয় ফল মিলে, বলে যাই শেষ টা'।

বড় বড় ভাব সব, মগজে গিজ গিজ  
করে শুধু, স্থান চায় যার যার নিজ নিজ।  
মনে মনে লেখা হয়, কাগজে হয় না;  
ভুলে যাই কত ভাব, সব মনে রয় না।

মাঝে আসে ভাবনা, কিবা লাভ কবিতায়?  
সে সুনাম পাই কোথা, যে সুনাম রবি পায়?  
দিন গেছে বদলে, কবিদের দাম নাই;  
দল বেঁধে সবে মিলে তারকার গান গাই।

সুনামের দেখা নাই, মিলে শুধু ঠাট্টা।  
ঠাট্টায় জান টারে করে দিল খাট্টা।  
কেউ বলে 'কবিরাজ', কেউ বলে 'কবি বর',  
কেউ চায় স্বাক্ষর 'কবি গরু' ছবি পর।

তারপরও তুলনা, কবি আর ছাগলে।  
মাঝখানে রব উঠে, 'কিবা বলে পাগলে'।  
আঁতেলের হানাহানি, গোলমেলে বিশ্বে।  
নিজ দলে টানাটানি, ক্ষুদে এই শিষ্যে।

তবু ও ছাড়ি না হাল, করি যাহা সাধ্য,  
পিটাই নিজের ঢোল, নিজে নিজ বাদ্য।  
কবিতায় কিবা লাভ, কিবা ক্ষতি জানি না;  
সমাজের উন্নতি, সে কথাও মানি না।

লিখি কেন? লেখা আসে, ভাল লাগে লিখতে,  
আবার নতুন করে ছন্দটা শিখতে,  
ছন্দের মারপ্যাচে কিছু কথা বলতে,  
বুকটা হালকা করে সোজা পথে চলতে।